

আন্তর্জাতিক

ইরানের সাত দিনের যুদ্ধবিরতি প্রস্তাব নাকচ ট্রাম্পের



প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: শনিবার, ২৬ সেপ্টেম্বর ২০২৬, ০৫:০৭ PM



ইরানের দেওয়া সাত দিনের মধ্যে হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার প্রস্তাব নাকচ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে দ্য ওয়াল স্ট্রিট জার্নাল এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি হরমুজ প্রণালিতে স্বাভাবিক নৌ চলাচল পুনরায় চালুর একটি রূপরেখা দেওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই ট্রাম্প তা প্রত্যাখ্যান করেন।

ইরানের প্রস্তাব অনুযায়ী, যুক্তরাষ্ট্রকে কয়েকটি শর্ত পূরণ করতে হবে। এর মধ্যে রয়েছে ইরানের জন্ম করা প্রায় ১২ বিলিয়ন ডলারের সম্পদ ছাড়, তেল নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং ইরানি বন্দরগুলোর ওপর মার্কিন নৌ অবরোধ প্রত্যাহার।

এ ছাড়া সাত দিনের মধ্যে সব ধরনের শত্রুতামূলক কর্মকাণ্ড বন্ধেরও দাবি জানিয়েছে তেহরান। ইরানের হিসাব অনুযায়ী, যুক্তরাষ্ট্র চার থেকে পাঁচ দিনের মধ্যে এসব পদক্ষেপ নিলে সপ্তম দিনে হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়া এবং একই দিনে একটি "চূড়ান্ত চুক্তি" নিয়ে আলোচনা

শুরু করা সম্ভব।

আরাগচি বলেছেন, এখন সিদ্ধান্ত যুক্তরাষ্ট্রের হাতে। ইরান চাপ, হুমকি বা ভয় দেখানোর মাধ্যমে কোনো সমঝোতা মেনে নেবে না।

মার্কিন সরকার প্রকাশ্যে ইরানের প্রস্তাবের বিষয়ে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি। তবে দ্য ওয়াল স্ট্রিট জার্নাল নাম প্রকাশে অনিচ্ছুক মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃত করে জানিয়েছে, ট্রাম্প প্রস্তাবটি তাৎক্ষণিকভাবে প্রত্যাখ্যান করেছেন।

মার্কিন কর্মকর্তাদের মতে, ইরান যুক্তরাষ্ট্রের দাবিগুলো বাস্তবে পূরণ করবে কি না, তা নিয়ে ট্রাম্পের সংশয় রয়েছে। ওয়াশিংটনের অন্যতম দাবি হলো, ইরান কখনও পারমাণবিক অস্ত্র অর্জন করতে পারবে না এবং হরমুজ প্রণালিতে অবাধ নৌ চলাচল নিশ্চিত করতে হবে।

অন্যদিকে ইরান জানিয়েছে, যুক্তরাষ্ট্রের শর্ত পূরণ না হওয়া পর্যন্ত নিজেদের পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনা করবে না। ফলে দুই পক্ষের মধ্যে অচলাবস্থা অব্যাহত রয়েছে।

এদিকে শুক্রবার রাতে ট্রাম্প তার টুথ সোশ্যাল অ্যাকাউন্টে হরমুজ প্রণালির একটি মানচিত্র প্রকাশ করেন, যেখানে প্রণালিটিকে [ট্রাম্প স্ট্রেইট] হিসেবে চিহ্নিত করা হয়।

এর আগে ট্রাম্প দাবি করেছিলেন, হরমুজ প্রণালির ওপর যুক্তরাষ্ট্রের [পূর্ণ নিয়ন্ত্রণ] রয়েছে। ইরান অবশ্য এ দাবি প্রত্যাখ্যান করে বলেছে, প্রণালিটির ওপর তাদের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে।

অচলাবস্থার মধ্যেও যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে কূটনৈতিক যোগাযোগ পুরোপুরি বন্ধ হয়নি। নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সময় কাতার দুই পক্ষের মধ্যে বার্তা আদান-প্রদানে মধ্যস্থতা করছে।

কাতারের পররাষ্ট্রমন্ত্রী শুক্রবার ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে টেলিফোনে কথা বলেন। আলোচনায় উত্তেজনা কমানো এবং নতুন করে সংলাপ শুরুর শর্ত নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

এর আগে নিউইয়র্কে মার্কিন কর্মকর্তাদের সঙ্গে ইরানি প্রতিনিধিদের পরোক্ষ আলোচনা হয়। ট্রাম্প ওই আলোচনাকে [খুব ভালো] বলে মন্তব্য করেছিলেন।

তবে দুই পক্ষের অবস্থানের মধ্যে এখনও বড় ধরনের পার্থক্য রয়েছে। ফলে হরমুজ প্রণালি ঘিরে অচলাবস্থা দীর্ঘায়িত হবে, নাকি কূটনৈতিক সমঝোতার মাধ্যমে পরিস্থিতির অবসান হবে, তা নিয়ে অনিশ্চয়তা রয়েছে।

বিশ্বের জ্বালানি সরবরাহের গুরুত্বপূর্ণ একটি অংশ হরমুজ প্রণালির ওপর নির্ভরশীল। ফলে নৌপথটির ভবিষ্যৎ নিয়ে যেকোনো অনিশ্চয়তা আন্তর্জাতিক তেল ও গ্যাসের বাজারে প্রভাব ফেলতে পারে। এ অবস্থায় যুক্তরাষ্ট্র ও ইরানের পরবর্তী পদক্ষেপের ওপরই নির্ভর করছে পরিস্থিতি কোন দিকে যাবে।

এ বিভাগের আরও খবর



কক্স সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কক্স সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উল...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্স...



কক্স নদীতে নৌকা ডুবে ২২ জনের মৃত্যু
গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোর কক্স নদীতে দুটি নৌকার সংঘর্ষের পর একটি যাত্রীবাহী নৌকা ডুবে অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও বহু যাত্রী...

